বিষয় কোড | ১ | ০ | ১ |

মডেল প্রশ্ন

এইচ এস সি পরীক্ষা - ২০১৪

**বিষয় ঃ বাংলা ১ম পত্র (বহুনির্বাচনি)**

**সময় ঃ ৪০ মিনিট** **পূর্ণমান— ৪০**

**[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]**

১। কমলাকান্ত কোন শ্রেণির লোক?
ক কৈবর্ত খ শূদ্র গ ব্রাহ্মণ ঘ বৈশ্য

২। এজলাসে প্রথামতো মাচানের উপরে কে বিরাজ করিতেছে?
ক কমলাকান্ত খ মুহুরি গ হাকিম ঘ লেখক

৩। কন্যার বাপ সবুর করতে পারলেও বরের বাপ সবুর করতে পারেন নি—
ক অর্থলোভের জন্য খ জমিজমার লোভে
গ খাওয়ার লোভে ঘ ক্ষমতার লোভে

৪। 'আপেক্ষিক গুরুত্ব' বলতে বোঝানো হয়েছে—
ক বেশি প্রয়োজন খ তুলনামূলক কম
গ তুলনামূলক গ্রহণযোগ্য ঘ তুলনামূলক গ্রহণযোগ্য নয় এমন

৫। 'সৃষ্টি' শব্দটি ব্যাকরণের যে নিয়মে গঠিত হয়েছে, তা হল—
ক সন্ধিযোগে খ সমাসযোগে
গ উপসর্গযোগে ঘ প্রত্যয়যোগে

৬। 'দুর্লভ' শব্দটির অর্থ হচ্ছে —
ক যা সহজে লাভ করা যায়
খ যা খুব কষ্টে লাভ করা যায় না
গ যা সহজে লাভ করা যায় না
ঘ যা লাভ করা কঠিন

৭। 'বিলাসী' গল্পে বিলাসী ও মৃত্যুঞ্জয়ের করুন পরিণতির জন্য দায়ী—
i. রক্ষণশীল সমাজ ii. জাতিভেদ প্রথা iii. নিষ্ঠুর অনুশাসন
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ iii ঘ i, ii ও iii

**অনুচ্ছেদটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
কমলদ্রং জরুরি কাজে শহরে এসেছে। সকাল থেকে ঘোরাঘুরি করে ক্ষুধার্ত হয়ে খাবার চাইলে হোটেল মালিক বলল, 'আদিবাসীদের জন্য দু'নম্বর বাসন আমার হোটেলে রাখি না।'

৮। কমলদ্রং-এর সঙ্গে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?
ক খুড়া খ ন্যাড়া গ বিলাসী ঘ মৃত্যুঞ্জয়

৯। কমলদ্রং-এর প্রতি হোটেল মালিকের মনোভাব 'বিলাসী' গল্পের যে প্রসঙ্গের সঙ্গে সংগতিপূর্ণ তা হল—
i. অস্পৃশ্যতা ii. অজ্ঞতা iii. ব্রাহ্মণ্যবাদ
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ iii ঘ i ও ii

১০। স্ত্রীদের বিদ্যার দৌড় সচরাচর কী পর্যন্ত?
ক প্রাথমিক বিদ্যালয় খ বোধোদয়
গ রামায়ণ ঘ কুরআন

১১। গৃহিনীর কোথায় না যাওয়া ভালো বলে 'অর্ধাঙ্গী' প্রবন্ধে উল্লেখ করা হয়েছে?
ক সৌরজগতে খ আকাশে
গ সূর্যমন্ডলে ঘ নক্ষত্রমালায়

১২। কাজী নজরুল ইসলামের রচনা নয় কোনটি?
ক শিউলিমালা খ চক্রবাক
গ রাজবন্দীর জবানবন্দী ঘ মানসী

১৩। ভাব ও ভাষা বোঝাতে ব্যবহৃত হয়েছে—
ক দৈব খ রুধির ধারা
গ অভিভূত ঘ ছন্দের দুকূল

১৪। 'ধান চালের দাম বাড়লে উপোস করতে হয়।' –বাক্যটির নেতিবাচক রূপ হল—
ক ধান-চালের দাম বাড়লে উপোস করতে হয় না
খ ধান-চালের দাম বাড়লে উপোস না করে চলে না
গ ধান-চালের দাম বাড়লে উপোস না করে থাকা যায় না
ঘ ধান-চালের দাম বাড়লে উপোস থাকা যায়

১৫। 'পরিষ্কার' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত?
ক উপসর্গ যোগে খ সন্ধি যোগে
গ প্রত্যয় যোগে ঘ সমাস যোগে

১৬। 'কর্তব্য' শব্দটির প্রকৃতি-প্রত্যয় নির্ণয় কর।
ক √কৃ+তব্য খ √ক+তব্য
গ √কর+তব্য ঘ √কর্ত+ব্য

১৭। 'একুশের গল্প'-এর বিষয়বস্তু অনুসারে তপু ছিল—
i. দেশপ্রেমিক ii. ক্রীড়াপ্রেমিক iii. ভাষাপ্রেমিক
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ i ও iii ঘ ii ও iii

১৮। 'একুশের গল্প'-এর তপু ফিরে এসেছি—
i. কঙ্কালরূপে ii. নতুন রুমমেটের মাধ্যমে iii. নিজে
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ iii

১৯। দুর্নীতি হ্রাস করতে হলে কোনটির বিশেষ প্রয়োজন?
ক স্বাধীন বিচার বিভাগ খ ব্যক্তিগত উদ্যোগ
গ তথ্যের অবাধ প্রবাহ ঘ দ্রুত বিশেষ টিম

২০। 'দুদক' কবে প্রতিষ্ঠিত হয়?
ক ২০০৫ সালে খ ২০০৩ সালে
গ ২০০৪ সালে ঘ ২০০৬ সালে

২১। লেখক একজন এইডস রোগীকে খুঁজছিলেন—
ক পরিচিত হওয়ার জন্য খ ডকুমেন্টারি তৈরি করার জন্য
গ তথ্য জানার জন্য ঘ সহানুভূতি দেখানোর জন্য

২২। এইডসকে ঘাতকব্যাধি বলা হয়—
ক মৃত্যু অবধারিত বলে খ ঘৃণ্য বলে
গ পাপের শাস্তি বলে ঘ ভালো হয় বলে

২৩। 'গণতন্ত্র' শব্দটির ব্যাসবাক্য হিসেবে কোনটি সমর্থনযোগ্য?
ক গণ ও তন্ত্র খ গণের তন্ত্র
গ গণকে তন্ত্র ঘ গণ থেকে তন্ত্র

২৪। 'ওকে চেনাই যায় না।' এর অস্তিবাচক রূপ হল—
ক ওকে চেনা দুরূহ খ ওকে অচেনা মনে হয়
গ ওকে না চিনে পারা যায় না ঘ ওকে চিনি না

২৫। 'আজ্ঞা' মানে কী?
ক আদেশ খ নিষেধ গ অনুরোধ ঘ উপরোধ

২৬। মাইকেল মধুসূদন দত্ত রচিত প্রথম কাব্য কোনটি?
ক মেঘনাদবধ কাব্য খ বীরাঙ্গনা
গ ব্রজাঙ্গনা ঘ ক্যাপটিভ লেডি

২৭। 'শুধু তুমি নিয়ে যাও'-এখানে 'তুমি' বলতে বোঝানো হয়েছে—
ক নাবিককে খ কবিকে
গ নেতাকে ঘ মাঝিকে

Copyright@ Md. Shah Jamal
edubd24.com

http://edubd24.com

২৮। বর্ষার আকাশে ঘন মেঘের গর্জন দ্বারা বোঝায়—
ⓚ অনুকূল পরিবেশ ⓚ প্রতিকূল আবহাওয়া
ⓖ সুখময় মুহূর্ত ⓖ অনুকূল জলবায়ু

২৯। "ধরনীর হাতে দিল যারা আনি ফসলের ফরমান।" –এই চরণে কাদের কথা ধ্বনিত হয়েছে?
ⓚ কৃষকদের ⓚ শ্রমিকদের
ⓖ মাঝিদের ⓖ তরুণদের

৩০। 'ধরা' শব্দটির প্রতিশব্দ হিসেবে চিহ্নিত হয়েছে—
ⓚ আকাশ ⓚ পাতাল ⓖ পৃথিবী ⓖ সাগর

৩১। 'বাংলাদেশ' কবিতায় 'সভ্যতার ভাষা' বলতে কী বুঝানো হয়েছে?
ⓚ ভাষার মাধ্যমে সভ্যতার বিকাশ
ⓚ হাজার বছরের পুরনো বাংলা ভাষা
ⓖ সভ্যতার উন্নতিতে ভাষার গুরুত্ব
ⓖ ভাষার ভিত্তিতেই সভ্যতা গড়ে উঠেছে

৩২। 'বাংলাদেশ' কবিতায় ফুটে উঠেছে কবির—
ⓚ স্বদেশ চেতনা ⓚ সংস্কৃতি চেতনা
ⓖ মৃত্যু চেতনা ⓖ পুরাণ চেতনা

৩৩। দাদু শ্বশুরবাড়ি যাওয়ার সময় কোন হাটে কেনাকাটা করতেন?
ⓚ গজনার হাটে ⓚ শাপলার হাটে
ⓖ উজানতলীর হাটে ⓖ কাজিবাড়ীর হাটে

৩৪। 'কবর' কবিতার প্রথম স্তবকে কার মৃত্যুর কথা বলা হয়েছে?
ⓚ স্ত্রীর ⓚ ছেলের ⓖ পুত্রবধূর ⓖ নাতনির

৩৫। 'সমীর' শব্দটির প্রতিশব্দ হল—
ⓚ পাহাড় ⓚ আলো ⓖ বাতাস ⓖ আগুন

৩৬। 'বেজেছে কি আগমনী গান?'– উক্তিটিতে ফুটে উঠেছে—
ⓚ কবিচিত্তের রূপময় সৌন্দর্যের প্রতি আকর্ষণ
ⓚ কবি-হৃদয়ের দুঃখব্যথা
ⓖ কবিচিত্তের বসন্ত উদাসীনতা
ⓖ বসন্তকে অবজ্ঞা

৩৭। 'তুফান' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ⓚ ফারসি ⓚ আরবি ⓖ হিন্দি ⓖ ফরাসি

৩৮। 'মেঘ' শব্দটি 'পাঞ্জেরি' কবিতায় ব্যবহৃত হয়েছে—
ⓚ নৌযাত্রার দুর্যোগের আভাস
ⓚ জাতির জীবনে দুর্যোগের আভাস
ⓖ জাতির জীবন
ⓖ জাতির জীবনে অচলাবস্থার কারণ

৩৯। "এ বয়সে কানে আসে কত মন্ত্রণা।"–এই চরণে প্রকাশিত হয়েছে —
i. তারুণ্যের নেতিবাচক দিক ii. অনুভূতির তীব্রতা
iii. তারুণ্যের ইতিবাচক দিক
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ⓖ i ও iii ⓖ iii

৪০। 'আঠারো বছর বয়স' কবিতায় ফুটে উঠেছে —
i. বয়ঃসন্ধিকালের বৈশিষ্ট্য
ii. পরনির্ভরশীলতা পরিহার করে নিজের পায়ে দাঁড়ানোর প্রস্তুতি
iii. এ বয়সের ইতিবাচক ও নেতিবাচক দিক
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

http://edubd24.com

মডেল প্রশ্ন

**এইচ এস সি পরীক্ষা ২০১৪**

**উত্তরপত্র**

**বিষয় : বাংলা ১ম পত্র (বহুনির্বাচনী)**

| প্রশ্ন | উত্তর | প্রশ্ন | উত্তর |
|---|---|---|---|
| ১. | গ | ২১. | খ |
| ২. | গ | ২২. | ক |
| ৩. | ক | ২৩. | খ |
| ৪. | গ | ২৪. | খ |
| ৫. | ঘ | ২৫. | ক |
| ৬. | গ | ২৬. | ঘ |
| ৭. | ঘ | ২৭. | ঘ |
| ৮. | গ | ২৮. | খ |
| ৯. | ক | ২৯. | ক |
| ১০. | খ | ৩০. | গ |
| ১১. | গ | ৩১. | খ |
| ১২. | ঘ | ৩২. | ক |
| ১৩. | ঘ | ৩৩. | খ |
| ১৪. | খ | ৩৪. | ক |
| ১৫. | খ | ৩৫. | গ |
| ১৬. | ক | ৩৬. | খ |
| ১৭. | গ | ৩৭. | খ |
| ১৮. | গ | ৩৮. | খ |
| ১৯. | ক | ৩৯. | গ |
| ২০. | গ | ৪০. | ঘ |

Copyright @ Md Shah Jam
edubd24.com

http://edubd24.com